



# THE CHEST AND HEART ASSOCIATION OF BANGLADESH

## দ্যা চেস্ট এন্ড হার্ট এসোসিয়েশন অব বাংলাদেশ

Reg. No. 4351-B  
10

### EXECUTIVE COMMITTEE

#### President

Dr. Md. Zahirul Islam Shakil

#### Vice-President

Prof. Dr. Md. Delwar Hossain  
Prof. Dr. Md. Shahedur Rahman Khan  
Prof. Dr. Anwarul Anam Kibria

#### Secretary General

Dr. Golam Sarwar Liaquat Hossain Bhuiyan

#### Treasurer

Prof. Dr. Shamim Ahmed

#### Joint Secretary

Dr. Md. Mamunur Rashid  
Dr. Muhammad Murad Hossen

#### Organizing Secretary

Dr. Jalal Mohsin Uddin

#### Office Secretary

Dr. Muhammad Shakhawath Hossain

#### Members

Prof. Dr. Abdul Wadud Chowdhury  
Prof. Dr. Md. Rafiqul Islam  
Prof. Dr. Muhammad Abdus Shakur Khan  
Dr. Kazi Saifuddin Bennoor  
Dr. Md. Ziaul Karim  
Dr. Md. Safiul Islam  
Dr. Ashraful Alam Khan  
Dr. Mahmud Masum Attar  
Dr. Md. Jakaria Mahmud  
Dr. Sheikh Nazmul Islam  
Dr. Kazi Md. Ariful Kabir

#### Ex-Officio

Prof. Dr. Mirza Mohammad Hiron

স্মারক নং- চ্যাব/প্রতিবাদলিপি/২০২৬/৬২২৩(১)

তারিখঃ ১০-০৬-২০২৬ইং

### প্রতিবাদলিপি

আমরা দ্যা চেস্ট অ্যান্ড হার্ট এসোসিয়েশন অব বাংলাদেশ (CHAB) সম্প্রতি লক্ষ্য করেছি যে জনৈক সাংবাদিক মাসুদ কামাল সম্প্রতি বাংলাদেশের চিকিৎসক সমাজ সম্পর্কে অত্যন্ত অবমাননাকর, অশালীন ও অগ্রহণযোগ্য মন্তব্য করেছেন। আমরা গভীর উদ্বেগ, ক্ষোভ ও নিন্দার সঙ্গে জানাতে চাই এ ধরনের বক্তব্য শুধু দেশের সমগ্র চিকিৎসক সমাজকেই হেয় করেনি, বরং একটি বৃহৎ পেশাজীবী গোষ্ঠীর মর্যাদা, আত্মত্যাগ ও অবদানের প্রতি চরম অসম্মান প্রদর্শন করেছে।

বাংলাদেশের চিকিৎসকরা প্রতিকূল পরিবেশ, সীমিত সম্পদ এবং নানাবিধ চ্যালেঞ্জের মধ্যেও দিনরাত নিরলসভাবে মানুষের জীবন রক্ষায় কাজ করে চলেছেন। বিশেষ করে মহামারী, দুর্যোগ ও জাতীয় সংকটের সময় চিকিৎসকদের আত্মত্যাগ জাতি কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করে। এমন একটি পেশাকে সামগ্রিকভাবে অবমাননা করে দেওয়া কোনো সভ্য ও দায়িত্বশীল সমাজে গ্রহণযোগ্য হতে পারে না।

দ্যা চেস্ট অ্যান্ড হার্ট এসোসিয়েশন অব বাংলাদেশ মনে করে, মতপ্রকাশের স্বাধীনতা কখনোই কোনো পেশা, ব্যক্তি বা গোষ্ঠীকে অবমাননা করার লাইসেন্স হতে পারে না। গণমাধ্যমের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের বক্তব্যে সংযম, দায়িত্ববোধ ও পারস্পরিক শ্রদ্ধাবোধ থাকা অত্যন্ত জরুরি।

আমরা উক্ত বক্তব্যের তীব্র প্রতিবাদ ও নিন্দা জানাচ্ছি এবং সংশ্লিষ্ট ব্যক্তির কাছে চিকিৎসক সমাজের প্রতি নিঃশর্ত ক্ষমা প্রার্থনার দাবি জানাচ্ছি। একই সঙ্গে আমরা সকল গণমাধ্যমকর্মী, মতামতপ্রদানকারী ও সচেতন নাগরিকদের প্রতি আহ্বান জানাই সমালোচনা হোক তথ্যভিত্তিক ও গঠনমূলক। কিন্তু কোনো অবস্থাতেই তা যেন বিদ্বেষ, অবমাননা বা সামাজিক বিভাজন সৃষ্টির পর্যায়ে না পৌঁছায়।

চিকিৎসক সমাজ দেশের মানুষের সেবায় অতীতের মতোই নিষ্ঠা, মানবিকতা ও পেশাদারিত্বের সঙ্গে কাজ করে যাবে। তাদের মর্যাদা ও সম্মান রক্ষায় দ্যা চেস্ট অ্যান্ড হার্ট এসোসিয়েশন অব বাংলাদেশ সবসময় সোচ্চার থাকবে।

(ডা. মোঃ জহিরুল ইসলাম শাকিল)  
সভাপতি

দ্যা চেস্ট অ্যান্ড হার্ট এসোসিয়েশন অব বাংলাদেশ

(ডা. গোলাম সারওয়ার লিয়াকত হোসেন ভূঞা)  
মহাসচিব

দ্যা চেস্ট অ্যান্ড হার্ট এসোসিয়েশন অব বাংলাদেশ